

বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা এর ২১তম সভার কার্যবিবরণী


বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন নির্দেশিকা, ২০১৯-২০২০ বিষয়ে বোর্ডের মহাপরিচালক এবং বাপাউবো নৈতিকতা কমিটির আহবায়ক জনাব এ. এম. আমিনুল হক এর অসুস্থতাজনিত কারণে বোর্ডের অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন), জনাব কাজী সাখাওয়াত হোসেন এর সভাপতিত্বে ২৯/০৬/২০২০ তারিখ বিকাল ৩:০০ ঘটিকায় বোর্ডের মহাপরিচালক মহোদয়ের সভাকক্ষে একটি সভা অনুষ্ঠিত হয়। সভায় নৈতিকতা কমিটির সদস্যগণ ও শুদ্ধাচার সংক্রান্ত বিভিন্ন কার্যক্রমের ফোকাল পয়েন্ট কর্মকর্তাগণ অংশগ্রহণ করেন (পতাকা-ক)।

বোর্ডের অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন) এবং সভার সভাপতি মহোদয় উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতি মহোদয় তাঁর স্বাগত বক্তব্যে জানান নৈতিকতা বলতে বুঝি যা কিছু করতে মনের সাহস যোগাবে, মনে সায় দেবে এবং আইনসিদ্ধ সেটাই নৈতিকতা। অফিসে সময়মতো আসা, সময়সমতো যাওয়া, আজকের কাজ আগামী দিনের জন্য ফেলে না রাখা এবং সঠিকভাবে কাজকর্ম পরিচালনা করাই নৈতিকতা। বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড প্রত্যক্ষভাবে জনগণের সেবা প্রদান না করলেও পরোক্ষভাবে বীধ, ব্রিজ, কালভার্ট ইত্যাদি নির্মাণ এবং সেচ, নদী ভাঙন, বন্যা নিয়ন্ত্রণ ইত্যাদি নানা ঝুঁকিপূর্ণ কর্মকাণ্ডের মাধ্যমে জনগণকে সেবা প্রদান করে থাকে। বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড সরকারের বিভিন্ন উন্নয়নমূলক কাজের সাথে জড়িত।

অতঃপর সভার আলোচ্যসূচী সভায় উপস্থাপনের জন্য সভার সভাপতি মহোদয় বোর্ডের নৈতিকতা কমিটির সদস্য-সচিব এবং বোর্ডের সচিব জনাব মোঃ মুজিবুর রহমানকে অনুরোধ জানান। তদপেক্ষিতে সচিব, বাপাউবো সভাকে অবহিত করেন যে, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার ২০১২ সালে জাতীয় শুদ্ধাচার কৌশল প্রণয়ন করেছে। ১ জুলাই, ২০১৬ সাল থেকে শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ কাঠামো প্রণয়ন করা হচ্ছে। জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনায় প্রাতিষ্ঠানিক ব্যবস্থা, দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন, শুদ্ধাচার প্রতিষ্ঠায় সহায়ক আইন/বিধি/নীতিমালা/ম্যানুয়েল ও প্রজ্ঞাপন/পরিপত্র এর বাস্তবায়ন এবং প্রযোজ্য ক্ষেত্রে খসড়া প্রণয়ন, ওয়েবসাইটে সেবাবন্ড হালনাগাদকরণ, সুশাসন প্রতিষ্ঠা, প্রকল্পের ক্ষেত্রে শুদ্ধাচার, ক্রয়ক্ষেত্রে শুদ্ধাচার, স্বচ্ছতা ও জবাবদিহিতা শক্তিশালীকরণ, শুদ্ধাচার সংশ্লিষ্ট এবং দুর্নীতি প্রতিরোধে সহায়ক অন্যান্য কার্যক্রমসহ ১২ টি ক্ষেত্রে ৩৯টি কার্যক্রম ১ম, ২য়, ৩য় ও ৪র্থ কোয়ার্টারে নির্ধারণ করা হয়েছে।

সদস্য-সচিব মহোদয় সভাকে আরও অবহিত করেন যে, বর্তমান করোনা পরিস্থিতি শুরু হয় শুদ্ধাচার কার্যক্রমের ৩য় কোয়ার্টারে তথা মার্চ-২০২০ সনে। সরকার কর্তৃক লকডাউন ঘোষণা করা হয় ২৬ মার্চ, ২০২০ তারিখ হতে। দেশব্যাপী লকডাউন শুরুর পর হতে ৩য় কোয়ার্টারের কার্যক্রম বন্ধ হয়ে যায়। তাছাড়া সবচেয়ে বেশি ক্ষতিগ্রস্ত হয় শুদ্ধাচার কার্যক্রমের ৪র্থ কোয়ার্টার। ফলে এ কোয়ার্টারে কিছু কার্যক্রমের ক্ষেত্রে আশানুরূপ অগ্রগতি হবে বলে প্রতীয়মান হচ্ছে না। তারপরও শুদ্ধাচারের অন্যান্য কার্যক্রম চলমান রয়েছে যা ৪র্থ কোয়ার্টারের প্রতিবেদনে প্রতিফলন থাকবে এবং তা সম্ভোষণক হবে বলে নৈতিকতা কমিটি মনে করে।

বর্তমান করোনা পরিস্থিতিতে স্বাস্থ্যবিধি মেনে দপ্তরে উপস্থিত হওয়া, পরিষ্কার-পরিচ্ছন্নতার বিষয়ে সবিশেষ নজর রাখা, সামাজিক দূরত্ব বজায় রেখে যাবতীয় কর্মকাণ্ড পরিচালনা করা ইত্যাদি বিষয়গুলো সকলে মেনে চলবেন এই আশাবাদ ব্যক্ত করে উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি মহোদয় সভার সমাপ্তি ঘোষণা করেন।



কাজী সাখাওয়াত হোসেন

(অতিরিক্ত সচিব)

অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন)

বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, ঢাকা

ফোনঃ ৯৫৬২২৯৬।

২৯/০৬/২০২০ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড নৈতিকতা কমিটির ২১তম সভায় উপস্থিত সদস্যগণের হাজিরা বিবরণী।

ক্রমমান	নাম, পদবী	দপ্তর	মোবাইল নং	স্বাক্ষর
১।	কাজী সাখাওয়াত হোসেন অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন)	অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন) এর দপ্তর, বাপাউবো, ঢাকা	০১৩১৮২৩৪৬৭৯	স্বাক্ষরিত
২।	মোতাহার হোসেন অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা)	অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা) এর দপ্তর, বাপাউবো, ঢাকা	০১৩১৮২৩৪৭৪৬	স্বাক্ষরিত
৩।	কাজী তোফায়েল হোসেন চীফ মনিটরিং	চীফ মনিটরিং এর দপ্তর, বাপাউবো, ঢাকা	০১৭১২১৩২১৪৪	স্বাক্ষরিত
৪।	মোঃ ফারুক ভূঞা প্রধান প্রশিক্ষণ ও কর্মচারী উন্নয়ন	প্রশিক্ষণ ও কর্মচারী উন্নয়ন, বাপাউবো, ঢাকা	০১৭১২১১০৫০৫	স্বাক্ষরিত
৫।	মোঃ মুজিবুর রহমান সচিব	বোর্ড সচিবালয়, বাপাউবো, ঢাকা	০১৭১৪৪০০৫৩৭	স্বাক্ষরিত
৬।	মোঃ কবির আহম্মদ পরিচালক	অর্থ পরিদপ্তর, বাপাউবো, ঢাকা	০১৯৫৫৫২২২৯৯	স্বাক্ষরিত
৭।	মোঃ আবু বক্কর সিদ্দিক পরিচালক	প্রসেসিং সেকশন, চীফ মনিটরিং এর দপ্তর, বাপাউবো, ঢাকা	০১৮৪৯১০৫০৮৯	স্বাক্ষরিত
৮।	মোঃ ওয়াহিদ হোসেন পরিচালক	কর্মচারী উন্নয়ন পরিদপ্তর, বাপাউবো, ঢাকা	০১৮১৯২৯৫৭৯৬	স্বাক্ষরিত
৯।	এ. কে. এম. তাহমিনুল ইসলাম পরিচালক,	পরিকল্পনা-২, বাপাউবো, ঢাকা	০১৭১২১৭১২৪১	স্বাক্ষরিত
১০।	আরিফ ইকরামুল আজিম সিস্টেম এনালিস্ট,	আই সি টি সেল, চীফ মনিটরিং এর দপ্তর, বাপাউবো, ঢাকা	০১৭২৯২৪২৯৪৬	স্বাক্ষরিত
১১।	শেখ মাসুদুল হক উপ-সচিব (অর্থ)	বোর্ড সচিবালয়, বাপাউবো, ঢাকা	০১৫৫২৩৫৪২৮৮	স্বাক্ষরিত
১২।	আবু সালেহ মাহমুদ সিদ্দিক উপ-পরিচালক	অডিট পরিদপ্তর, বাপাউবো, ঢাকা	০১৭১১৭৮১৮৭৩	স্বাক্ষরিত
১৩।	মোঃ সিরাজুল ইসলাম উপ-পরিচালক বোর্ড)	বোর্ড সচিবালয়, বাপাউবো, ঢাকা	০১৭৫৬৯৩৭৫২৪	স্বাক্ষরিত
১৪।	মোঃ আব্দুস সাত্তার সহকারী পরিচালক	বোর্ড সচিবালয়, বাপাউবো, ঢাকা	০১৭২৫৩২৮১৫৯	স্বাক্ষরিত
১৫।	তরুন বসু সহকারী পরিচালক	বোর্ড সচিবালয়, বাপাউবো, ঢাকা	০১৭২৪৫৪৮৫৬৪	স্বাক্ষরিত